

## প্রথম ফ্লাইট শুরুর আগে থেকেই আইএটিএ অপারেশনাল সেফটি অডিট (IOSA) সনদপ্রাপ্তির প্রস্তুতি নিচ্ছে এয়ার এ্যাস্ট্রা

[ঢাকা, ১৬ জুন, ২০২২] বাংলাদেশে প্রথম ফ্লাইট পরিচালন কার্যক্রম শুরুর আগে থেকেই বিশ্বমানের IATA অপারেশনাল সেফটি অডিট (IOSA) সনদপ্রাপ্তির প্রস্তুতি শুরু করেছে এয়ার এ্যাস্ট্রা। ১৬ জুন, সোমবার এয়ারলাইনটির নিজস্ব ট্রেনিং সেন্টারে IATA এর ইন্সট্রাক্টর লুইস রামোস আলভেস এর অধীনে ৫ দিনব্যাপী IOSA এয়ারলাইন অডিটর ট্রেনিং, মডিউল - ১ প্রশিক্ষণ শুরুর মধ্য দিয়ে এয়ার এ্যাস্ট্রা IOSA সনদপ্রাপ্তির প্রয়াস গ্রহণ করে।

প্রশিক্ষণটিতে মোট ১৭ জন প্রশিক্ষার্থীর মধ্যে আছেন এয়ার এ্যাস্ট্রার প্রধান নির্বাহী কর্মকর্তা ইমরান আসিফ, ফ্লাইট পরিচালনা পরিচালক ক্যাপ্টেন ফরহাত জামিল, প্রৌকশল পরিচালক গাজী মাহমুদ ইকবাল, কোয়ালিটি এ্যাসিউরেন্স প্রধান মোঃ শফিকুল আলম, গ্রাউন্ড অপারেশন মহাব্যবস্থাপক জাফর উজ্জমান, ফ্লাইট সেফটি প্রধান ক্যাপ্টেন খালিদ শামস ও এয়ারলাইন সিকিউরিটি মহাব্যবস্থাপক হাসিব উল আলমসহ অন্যান্যরা।

ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট এসোসিয়েশন (IATA) কর্তৃক প্রণোদিত আইএটিএ অপারেশনাল সেফটি অডিট (IOSA) একটি বিশ্বমানের মানদণ্ড নিরূপণী অডিট যা এয়ারলাইন্সের নিরাপদ পরিচালনা নিশ্চিত করে। বিশ্বের সকল বৃহৎ এয়ারলাইন্স কোম্পানী (এমিরেটস, কাতার এয়ারওয়েজ, সিঙ্গাপুর এয়ারলাইন্স ও প্রভৃতি) IOSA সনদপ্রাপ্তির মাধ্যমে তাদের নিরাপদ ও সুরক্ষিত ফ্লাইট পরিচালনা নিশ্চিত করে।

কোভিড - ১৯ পরবর্তী অনিবার্য পরিস্থিতির কারণে এয়ারক্রাফট সংগ্রহে বিলম্ব হলেও সেটা কাটিয়ে উঠে এবছর সেপ্টেম্বর নাগাদ ৩ টি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট দিয়ে বাংলাদেশের অভ্যন্তরীণ রুটগুলোতে ফ্লাইট পরিচালনা শুরু করবে এয়ার এ্যাস্ট্রা। ফ্রান্সে নির্মিত এটিআর ৭২-৬০০ সর্বাধুনিক প্রযুক্তির টার্বোপ্রপ এয়ারক্রাফট। এয়ার এ্যাস্ট্রার পরিকল্পনা অনুযায়ী ২০২৩ এর শেষ নাগাদ এয়ারলাইনটির বহরে আরও ৫ টি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট যোগ হবে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ:

সাকিব হাসান শুভ

উপ-ব্যবস্থাপক, জনসংযোগ

এ্যাস্ট্রা এয়ারওয়েজ লিঃ

+৮৮০১৩২৪৭৩০৮২৯

[sakib.shovo@airastra.com](mailto:sakib.shovo@airastra.com)